

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৩, ২০১৭

নির্বাচন কমিশন  
বাংলাদেশ  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে বাংলা নগর, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ/২০ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ৬৫-আইন/২০১৭—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর ধারা ১২০ এর উপ-ধারা (১) এর দফা (খ), ধারা ২১ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

- ১। বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইইই) এর শর্তাংশে দ্বিতীয়বার উল্লিখিত “মেয়র” শব্দের পর “বা চেয়ারম্যান” শব্দগুলি সন্নিবেশিত হইবে;
- ২। তফসিল-১ এর—
  - (ক) ফরম-ক এর সংযুক্তি-৩ এর ৪নং ক্রমিকে উল্লিখিত “নেই” শব্দের পরিবর্তে “নাই” শব্দ প্রতিস্থাপিত হইবে;
  - (খ) ফরম-গ এ উল্লিখিত ছকের ৩নং কলামে “(শুধু মেয়র পদের” বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “(শুধু মেয়র পদের ক্ষেত্রে প্রযোজ্য)” বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২৯৩৩)

মূল্য : টাকা ৪.০০

(গ) ফরম-জ এ উল্লিখিত ছকের পরিবর্তে নিম্নরূপ ছক প্রতিস্থাপিত হইবে, যথা :—

নির্বাচনি এজেন্টের নাম	নির্বাচনি এজেন্টের পিতা/স্বামীর নাম	নির্বাচনি এজেন্টের মাতার নাম	নির্বাচনি এজেন্টের ঠিকানা	নির্বাচনি এজেন্টের ভোটার নম্বর বা জাতীয় পরিচয়পত্র নম্বর	নির্বাচনি এজেন্টের স্বাক্ষর	সত্যায়নকারী (প্রার্থী কর্তৃক)
১	২	৩	৪	৫	৬	৭
					১. ----- ২. ----- ৩. -----	

(ঘ) ফরম-জ-১ এর উপরিভাগের ডানদিকে নিম্নরূপ এন্ট্রি সন্নিবেশিত হইবে, যথা :—

“

পোলিং এজেন্টের ছবি

”;

(ঙ) ফরম-ঢ এর দ্বিতীয় ভাগ : সম্ভাব্য ব্যয়ের খাতসমূহ এর ক্রমিক নং (জ) ও তদসংশ্লিষ্ট এন্ট্রি বিলুপ্ত হইবে এবং ক্রমিক নং (ঝ), (ঞ), (ট), (ঠ), (ড), (ঢ), (ণ), (ত) ও (থ) যথাক্রমে, (জ), (ঝ), (ঞ), (ট), (ঠ), (ড), (ঢ), (ণ) ও (ত) হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে;

(চ) ফরম-ণ এর প্রচারণা অংশের ক্রমিক নং (ঙ) ও তদসংশ্লিষ্ট এন্ট্রি বিলুপ্ত হইবে এবং ক্রমিক নং (চ), (ছ), (জ), (ঝ), (ঞ), (ট), (ঠ), (ড), (ঢ), (ণ) ও (ত) যথাক্রমে, (ঙ), (চ), (ছ), (জ), (ঝ), (ঞ), (ট), (ঠ), (ড), (ঢ) ও (ণ) হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে;

৩। তফসিল-২ এর “[বিধি ১৯(১) দ্রষ্টব্য]” বন্ধনীগুলি, শব্দগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে “[বিধি ১৯(১)(ক) দ্রষ্টব্য]” বন্ধনীগুলি, শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

৪। তফসিল-৩ এর পর “[বিধি ১৯(২)(ক) দ্রষ্টব্য]” বন্ধনীগুলি, শব্দগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে “[বিধি ১৯(১)(খ) দ্রষ্টব্য]” বন্ধনীগুলি, শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

৫। তফসিল-৪ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-৪ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“তফসিল-৪  
[বিধি ১৯(১)(গ) দ্রষ্টব্য]

সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

১। অটোরিক্সা	৬। টেলিফোন
২। আনারস	৭। দ্বিতল বাস
৩। আংটি	৮। বলপেন
৪। চশমা	৯। মেট্রোরেল
৫। জবা ফুল	১০। হারমোনিয়াম”;

৬। তফসিল-৫ এর পর “[বিধি ১৯(২)(গ) দ্রষ্টব্য]” বন্ধনীগুলি, শব্দগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে “[বিধি ১৯(১)(ঘ) দ্রষ্টব্য]” বন্ধনীগুলি, শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোহাম্মদ আব্দুল্লাহ  
সচিব।